**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২০৭ তারিখঃ ০৮ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ
২৩ সেপ্টেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৭৪১ তম কমিশন সভা অদ্য ২৩/০৯/২০২০ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ-

০১. কমিশন অদ্যকার সভায় Crystal Insurance Company Limited এর প্রতিটি ১০ টাকা ইস্যু মূল্যের ১.৬০ কোটি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাব অনুমোদন প্রদান করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানিটি ১৬.০০ (ষোল) কোটি টাকা পুঁজি উত্তোলন করে পুঁজিবাজারে ও এফডিআর এ বিনিয়োগ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ৩১শে ডিসেম্বর, ২০১৯ তারিখে সমাপ্ত বৎসরের সর্বশেষ নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী পুনঃমূল্যায়ন ছাড়া নেট এ্যাসেট ভ্যালু (NAV without revaluation) টাকা ২৪.৪২ (কোম্পানিটি কোন সম্পদ পুনঃমূল্যায়ন করেনি) এবং শেয়ার প্রতি আয় (EPS) টাকা ২.৯২ । ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় (Weighted average EPS) টাকা ২.৫৮। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে Sonar Bangla Capital Management Limited। উল্লেখ্য যে, ইলেকট্রনিক সাবসক্রিপশন সিস্টেম এর মাধ্যমে কোম্পানিটির সাধারণ শেয়ারের চাঁদা প্রদানে ইচ্ছুক প্রত্যেক যোগ্য বিনিয়োগকারী (Eligible Investor) কে চাঁদা গ্রহণ শুরুর দিন হতে পূর্ববর্তী পঞ্চম কার্যদিবস শেষে তালিকাভুক্ত সিকিউরিটিজে বাজারমূল্যে ন্যুনতম ০১ (এক) কোটি টাকা বিনিয়োগ থাকতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

০২. কমিশন অদ্যকার সভায় Dutch-Bangla Bank Limited এর ৫০০ কোটি টাকার ০৭ বছর মেয়াদী Unsecured, Non-convertible, Fully Redeemable, Floating Rate, Subordinated Bond এর প্রস্তাব অনুমোদন করেছে। স্থানীয় আর্থিক প্রতিষ্ঠান, ইনস্যুরেন্স কোম্পানি, বিভিন্ন ফান্ড, কর্পোরেটস-সহ অন্যান্য যোগ্য বিনিয়োগকারীদেরকে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে বন্ডটি ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে Dutch-Bangla Bank Limited এর Tier-II Capital Base শক্তিশালী করবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা। বন্ডটির Trustee এবং Mandated Lead Arranger হিসাবে যথাক্রমে Green Delta Insurance Company Limited এবং Standard Chartered Bank (SCB) কাজ করছে। এছাড়াও উক্ত বন্ডটিকে Alternative Trading Board এ অন্তর্ভুক্ত করার জন্য শর্তারোপ করা হয়।

০৩. কমিশন সভায় Aamra Networks Limited এর ১০০ কোটি টাকার Fully Redeemable Non-convertible Zero Coupon Bond এর প্রস্তাব অনুমোদন করেছে। এই বন্ডের বৈশিষ্ট্য হচ্ছে Non-

চলমান পাতা ১/৩

**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd

convertible, Fully redeemable, Unsecured, Unlisted, Zero Coupon Bond যার কুপন হার ৮.৬৮%-৯.৭৩%। Bond টি বিভিন্ন প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী, ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহ এবং অন্যান্য যোগ্য বিনিয়োগকারীগণকে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে Aamra Networks Limited কোম্পানির implementation of a new project, loan repayment and working capital requirement কাজে ব্যবহার করবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা। এই বন্ডের Trustee এবং Lead Arranger হিসেবে যথাক্রমে Prime Bank Investments Limited এবং Lanka Bangla Investments Limited কাজ করছে।

০৪. কমিশন অদ্যকার সভায় Insurance Development and Regulatory Authority (IDRA) এর আবেদনের প্রেক্ষিতে ২৬ টি ইন্স্যুরেন্স কোম্পানীকে Fixed Price Method এর মাধ্যমে আইপিওতে মূলধণ উত্তোলনের ক্ষেত্রে সর্বনিম্ন ৩০(ত্রিশ) কোটি টাকা উত্তোলনের বাধ্যবাদকতা হতে অব্যাহতি প্রদান করেছে। ফলে, উক্ত ২৬ টি ইন্স্যুরেন্স কোম্পানী Fixed Price Method এর মাধ্যমে আইপিওতে সর্বনিম্ন ১৫(পনের) কোটি টাকা বা তার বেশী মূলধণ উত্তোলন করতে পারবে। এই প্রেক্ষিতে কমিশন অতি শীঘ্রই একটি নোটিফিকেশন জারি করবে।

০৫. কমিশন সভায় Robi Axita Limited এর প্রতিটি ১০ টাকা ইস্যু মূল্যের ৫২,৩৭,৯৩,৩৩৪ টি সাধারণ শেয়ার (যার মধ্যে ১৩,৬০,৫০,৯৩৪ টি সাধারণ শেয়ার আলোচ্য কোম্পানির কর্মকর্তা/কর্মচারীর মধ্যে ইস্যু করা সহ) প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাব অনুমোদন প্রদান করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানিটি ৫২৩,৭৯,৩৩,৩৪০ টাকা পুঁজি উত্তোলন করে নেটওয়ার্ক সম্প্রসারণ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ৩১শে ডিসেম্বর, ২০১৯ তারিখে সমাপ্ত বৎসরের সর্বশেষ নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী পুনঃমূল্যায়ন ছাড়া নেট এ্যাসেট ভ্যালু (NAV without revaluation) টাকা ১২.৬৪ (কোম্পানিটি কোন সম্পদ পুনঃমূল্যায়ন করেনি) এবং শেয়ার প্রতি আয় (EPS) টাকা ০.০৪। বিগত ০৫টি নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় (Weighted average EPS) টাকা (০.১৩)। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে IDLC Investments Limited। উল্লেখ্য যে, ইলেকট্রনিক সাবসক্রিশন সিস্টেম এর মাধ্যমে কোম্পানিটির সাধারণ শেয়ারের চাঁদা প্রদানে ইচ্ছুক প্রত্যেক যোগ্য বিনিয়োগকারী (Eligible Investor) কে চাঁদা গ্রহণ শুরুর দিন হতে পূর্ববর্তী পঞ্চম কার্যদিবস শেষে তালিকাভুক্ত সিকিউরিটিজে বাজারমূল্যে ন্যুনতম ০১ (এক) কোটি টাকা বিনিয়োগ থাকতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

০৬. ঢাকা স্টক এক্সচেঞ্জ লি: এর তদন্ত দল কর্তৃক প্রদত্ত প্রতিবেদনে উল্লিখিত লিগেসি ফুটওয়্যার লি:, কুইন্স সাউথ টেক্সটাইল মিলস লি: এবং বাংলাদেশ অটো কারস লি: এর শেয়ার লেনদেন এর উদঘাটিত অনিয়ম হতে দেখা যায় যে, জনাব আব্দুল কাইয়ুম এবং তার সহযোগী, জনাব মাইনুল হক খান এবং সহযোগী (পদ্মা গ্লাস এবং রহমত মেটাল), জনাব ড. এ.কে.এম. কবির আহমেদ, এম. সিকিউরিটিজ লি: (ডিএসই # ৪৪), মিসেস লুৎফুন নেসা এবং আলিফ টেক্সটাইল লি: ও মেসার্স

চলমান পাতা ২/৩

কাইয়ুম এ্যান্ড সন্স সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ অর্ডিন্যান্স, ১৯৬৯এর সেকশন 17(e)(v) ভঙ্গ করেছে এবং এম. সিকিউরিটিজ লি: (ডিএসই # ৪৪) মার্জিন রুল ১৯৯৯ ভঙ্গ করেছে।

অদ্যকার সভায় অভিযুক্ত ব্যক্তিবর্গকে সিকিউরিটিজ আইন ভঙ্গের মাত্রা বিবেচনায় নিম্নোক্তভাবে জরিমানা/সতর্ক করার সিদ্ধান্ত গ্রহণ করেছে ঃ-

| ক্রমিক নং | নাম | প্রদত্ত শাস্তি |
|---|---|---|
| ০১. | জনাব আব্দুল কাইয়ুম এবং তার সহযোগী | সতর্ক করা হলো। |
| ০২. | জনাব ড. এ.কে.এম. কবির আহমেদ | জরিমানা ১০ (দশ) লক্ষ টাকা। |
| ০৩. | এম সিকিউরিটিজ লি: (ডিএসই # ৪৪) | সতর্ক করা হলো। |
| ০৪. | মিসেস লুৎফুন নেসা এবং আলিফ টেক্সটাইল লি: | সতর্ক করা হলো। |
| ০৫. | মেসার্স কাইয়ুম এ্যান্ড সন্স | সতর্ক করা হলো। |

23-09-20

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব) ও মুখপাত্র